



Government of West Bengal

West Bengal State Haj Committee (WBCS Coaching & Guidance Cell)

Haj Tower-cum-Empowerment Centre
VIP Road, Kaikhali, Kolkata-700 052



Mock Test Set-6

29/12/2022

Time

3:00 PM to 6:00 PM

Marks : 200

West Bengal Civil Service Mains Examinations'22

ENGLISH COMPULSORY MOCK TEST

If the question attempted are in excess of the prescribed number, only the questions attempted first attempted first use up to the prescribed number shall be valued and remaining once ignored.

1. Write a letter to the editor of an English daily stating: 40

(a) Need of Fuel Subsidy

Or

(b) Simple living & high thinking

2. Write a report on - "Should alcohol be banned in India?" 40

3. Write a composition on any of the following topics- 40

(a) "Corruption in society"

(b) "Regionalization and Nationalism"

(c) "Ecological consideration and development must go together."

4. Make a precis of the following passage and add suitable title: 40

Food Hygiene, otherwise known as Food Safety can be defined as handling, preparing and storing food or drink in a way that best reduces the risk of consumers becoming sick from the food-borne disease. The principles of food safety aim to prevent food from becoming contaminated and causing food poisoning. With this in mind, ensuring that food is safe for human consumption is likely the most critical part of the food preparation process. This ranges from what is called farm to fork, meaning from the farms all the way to your plate. This means that food hygiene is important at home as well as in the restaurant, retail store or food factory.

There has become an ever-increasing awareness of food safety by the general public and news agencies are reporting on food recalls and outbreaks much more often.

If food or drink is not safe to eat, you cannot eat or drink. The easiest example of this is safe drinking water. We would never drink water that did not come from a reputable source. The very same principle applies to food. Every day, people worldwide get sick from the food or drink they consume. Bacteria, viruses and parasites found in food can cause food poisoning.

There is no immediate way of telling if food is contaminated because you cannot see, taste or smell anything different from the norm. Food poisoning can lead to gastroenteritis and dehydration or potentially even more serious health problems such as kidney failure and death.

This risk is especially significant for those in the high-risk category: Small children/ babies, pregnant moms, the elderly and immunocompromised, especially HIV infections and cancer patients.

Food hygiene and safety prevent germs from multiplying in foods and reaching dangerous levels.

(a) জগতের বহুবিধ সাধুইচ্ছের মত সে ইচ্ছেটা আপাতত মুলতুবি রাখতে বাধ্য হতে হল তাকে। বদলিটা পূজো পর্যন্ত ঠেকানো গেল না। পূজোর ছুটিতে চলে আসবার জন্যে বারবার অনুরোধ জানিয়ে কাকা-কাকী বিদায় দিলেন। প্রভাত সেই বিষণ্ণ আদ্রতার ছোঁয়ার সঙ্গে নিজের অসহায়তার ভয়াবহতা মিশিয়ে চিত্তকে বেশ ঘনতমসায় আবৃত করে গাড়ীতে উঠল। আর বেচারি হতভাগ্যের ভাগ্যে সঙ্গে সঙ্গেই সুরু হয়ে গেল প্রবল বর্ষণ।

সারারাত্রি ঠায় জেগে কাটিয়ে দিল প্রভাত, বন্ধু কামরার মধ্যে বৃষ্টির শব্দের প্রচণ্ডতা অনুভব করতে করতে। গাড়ীতে আরও তিনজন আরোহী ছিলেন, তাঁদের প্রতি ঈর্ষাকুটিল দৃষ্টি নিষ্ক্ষেপ করে প্রভাত নিশ্চিত হল আর যাই হোক, ওরা কেউ বদলী হয়ে যাচ্ছে না।

তবে বৃষ্টির আওয়াজ একটু উপকার করল প্রভাতের। তিন দিক থেকে তিনটি নাকের আওয়াজ তার কর্ণকুহরকে শিহরিত করতে ততটা পেরে উঠল না। কানের থেকে মনটাই তার কাছে প্রধান হয়ে রইল।

স্টেশনে যখন নামল প্রভাত তখন বৃষ্টি নেই, কিন্তু শেলেটপাথরের মত আকাশের নীচে পৃথিবীটা যেন শোকগ্রস্তের মত জড়পুটুলি হয়ে পড়ে আছে।

ভেবেছিল কুলিও পাওয়া যাবে কিনা। কিন্তু আশঙ্কা অমূলক, কুলি যথারীতি গাড়ী থামবার আগেই গাড়ীর মধ্যে ঢুকে পড়ে প্রভাতের অনুমতি ব্যতিরেকেই তার জিনিসপত্র টেনেইচড়ে নামিয়ে ফেলল এবং কোথায় যাবেন ও গাড়ী হবে কিনা শুধিয়ে মুখপানে তাকিয়ে রইল।

(b) খাদের ভেতর দিকে গুহাটুহা থাকলে, আপত্তি জানাল লরেন কীথ, জ্যাস্ত কবর হয়ে যাবে সবার! জবাব দিল না কেউ। সবার ওপর দৃষ্টি বোলাল কীথ, মাটির দিকে তাকিয়ে আছে ওরা। দায়দায়িত্ব এড়ানোর চেষ্টা। একমাত্র রনি শয়ের মধ্যেই প্রবল উৎসাহ দেখা যাচ্ছে। আতঙ্কে সারা শরীর শিউরে উঠল কীথের। এদের সঙ্গে জড়িয়ে কী ভুলটাই না করেছে! পাথরে খুরের ঘষা খাওয়ার শব্দ উঠল। একসঙ্গে ঘাড় ফিরিয়ে তাকাল সবাই। ঘোড়াটা দেখা গেল না। স্যাডলের সঙ্গে কাপড়ের ঘষা খাওয়ার আওয়াজ ভেসে এল। বুনবুন শোনা গেল স্পরের! আঁধার ফুড়ে সামনে এসে দাঁড়াল অ্যান্টন বারউইক।

ঝট করে দাঁড়িয়ে পড়ল কর্নেল লরেন কীথ। দ্রুত পরিস্থিতি ব্যাখ্যা করল। চুপচাপ শুনে, গেল বারউইক, মাঝে মাঝে মাথা দুলিয়ে সায় জানাল। কীথের বক্তব্য শেষ হলে বলল, ডিনামাইট চালাও। সকালে সবার আগে এ কাজটাই সারবে। ব্যস, তা হলেই জীবনের জন্যে মিটে যাবে ঝামেলা।

পকেট থেকে সিগার বের করে কামড়ে গোড়া কাটল বারউইক। আজ একটা টেলিগ্রাম এসেছে। শিগগিরই তদন্ত কমিটি আসছে, হপ্তা দুএকের, মধ্যেই। কিন্তু ততদিনে এই ঘটনার কথা ভুলে যাবে সবাই। অন্য ব্যাপারে ব্যস্ত হয়ে পড়বে।

ঘোড়ার দিকে পা বাড়াল বারউইক, মাঝপথে থেমে ডরনি শর দিকে, তাকিয়ে মাথা দুলিয়ে ডাকল ওকে।

আগুনের পাশ থেকে উঠে দাঁড়াল ডরনি শ, অনুসরণ করল তাকে। মুখ ভেঙে ওদের দিকে তাকিয়ে রইল লরেন কীথ। এর মানে? ওকে বাদ দিয়ে কোনও ফন্দি আঁটছে না তো ব্যাটারি?